দামুড়হুদা উপজেলা যুবদলের উদ্যোগে বিক্ষোভ মিছিল ও সমাবেশ

দামুড়হুদা উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আফজালুর রহমান সবুজ ও যুবদলের সদস্য মাহফুজুর রহমান জনি কে অতর্কিত হামলার প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সন্ধা ৭ টার দিকে উপজেলা যুবদলের উদ্যোগে এ বিক্ষোভ ও প্রতিবাদ মিছিলটি উপজেলা চত্বর থেকে বাস স্ট্যান্ড মোড় ঘুরে দেউলী হয়ে বিএনপির অস্থায়ী দলীয় কার্যালয়ে এসে শেষ হয়।

বিক্ষোভ শেষে সংক্ষিপ্ত বক্তব্য দেন থানা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক প্রফেসর আবুল হাসেম, উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, যুবদলের যুগ্ন-আহ্বায়ক আরিফুল রহমান আরিফ।

এ সময় বক্তারা বলেন আওয়ামী লীগের সন্ত্রাসী কর্মকাণ্ডে দেশ অস্বস্তিশীল হয়ে পড়ে পরে ছাত্র জনতার আন্দোলনে স্বৈরাচারী শেখ হাসিনা দেশ থেকে পালিয়ে যেতে বাধ্য হয়। তারপরও তাদের ষড়যন্ত্র শেষ হচ্ছে না। এখানে ওখানে ঘাপটি মেরে বসে থেকে ষড়যন্ত্রে লিপ্ত হচ্ছে। এই ষড়যন্ত্র যাতে করতে না পারে সেদিকে বিএনপি যুবদল ছাত্রদল, তথা বিএনপি’র সকল অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দকে সজাগ থাকতে হবে।

এ সময় আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম, যুগ্ম সাধারণ সম্পাদক আনসার আলী, যুবদলের সদস্য ইকরামুল মেম্বার এজাজুল হক, আমিনুল ইসলাম রশিদ, মাহফুজুর রহমান জনি, কবির, আব্দুল কাদের, মানিক, উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব জাকির হোসেন, উপজেলা ছাত্রদলের সদস্য সচিব এম ডি কে সুলতান, উপজেলা যুবদলের নেতা ইমতিয়াজ হোসেন, শওকত আলী, জাহিদ, হাসান, লাবলু, রানা, মামুন, মুর্শিদ বিন সজল, মহসিন, আরিফ, শামীম, শিলং, দেলোয়ার, এনামুল, রনি, শাহাবুদ্দিন, কাউসার, বাদশা, আব্দুর রশিদ, জাহিদুল, আমির হামজা, আলামিন, খালিদ, সম্রাট, রবিউল, জাহিদুল, লাল, লালন, মামুন, জাহাঙ্গীর, বাদশা প্রমূখ।

দর্শনায় উলামা পরিষদের উদ্যোগে প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ

ভারতের পুরোহিত রামগিরি মহারাজ ও মন্ত্রী নিতেশ রানে মহানবী হজরত মোহাম্মদ (সা.) কে অবমাননা করার প্রতিবাদে বিক্ষোভ মিছিল অনুষ্টিত হয়েছে।

গতকাল শুক্রবার জুম্মার নামাজ শেষে সারা দেশের ন্যায় দর্শনা পৌর উলামা পরিষদের উদ্যোগে শহীদ শাহারিয়া শুভ মঞ্চ থেকে বিক্ষোভ মিছিল শুরু হয়ে দর্শনার প্রধান সড়ক গুলো প্রদক্ষিণ শেষে দর্শনা বাসস্টান্ড ঘুরে আবার মুক্ত মঞ্চে এসে শেষ হয়।

উক্ত সমাবেশে বক্তব্য রাখেন দর্শনা পৌর উলামা পরিষদের সভাপতি মুফতী জুনাইদ আল আযাদ, মুফতী ওমর ফারুক, মাওলানা মুস্তাফিজুর রহমান, এছাড়া উপস্থিত ছিলেন মাও. আ. খালেক, মাও হুসাইন আহমাদ, মুফতী ইউনুস আলী, হাফেজ জুবায়ের, মাও হুজাইফা, কারী জুবায়ের, মাও নিযামুদ্দীন মাও সিরাজুল ইসলাম, মাও নূরুল ইসলাম মাও আ. রাজ্জাক প্রমুখ। দুআ পরিচালনা করেনঃ মুফতী আবুল বাশার।

ঝিনাইদহে জেলা আওয়ামী লীগের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

দেশব্যাপী জামায়াত- বিএনপির ডাকা ৭২ ঘন্টার অবরোধের প্রতিবাদে ঝিনাইদহে জেলা আওয়ামী লীগের বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুর নেতৃত্বে

বিক্ষোভ মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পায়রা চত্বরে গিয়ে শেষ হয়। পরে সেখানে এক সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।সেখানে জেলা আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন ।

এ সময় জামায়াত বিএনপি ডাকা অবরোধ প্রত্যাখ্যান করার আহ্বান জানিয়ে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু বলেন হরতাল অবরোধের নামে নৈরাজ্য ও জ্বালাও পোড়াও করার চেষ্টা করলে তার দাঁতভাঙ্গা জবাব দেবে ঝিনাইদহ আওয়ামী লীগের নেতা কর্মীরা।

কোটচাঁদপুর কে এম এইচ কলেজের ছাত্র-ছাত্রীদের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

নিরীহ ফিলিস্তিনীদের উপর সন্ত্রাসী রাষ্ট্র ইসরাইল কতৃক হামলার প্রতিবাদে কোটচাঁদপুর বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন,স্থানীয় সরকারি কে এম এইচ কলেজে সাধারণ ছাত্র-ছাত্রীরা।

জানা যায়,নিরীহ ফিলিস্তিনীদের উপর সন্ত্রাসী রাষ্ট্র ইসরাইল কতৃক হামলার প্রতিবাদে কোটচাঁদপুর বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন,স্থানীয় সরকারি কে এম এইচ কলেজে সাধারণ ছাত্র-ছাত্রীরা। গতকাল সোমবার সকালে কলেজ থেকে একটি মিছিল বের করেন।

পরে মিছিলটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করেন। বিক্ষোভ শেষে কোটচাঁদপুর কলেজ বাসস্টান্ডে সমাবেশ করেন তারা।

এসময় সাধারণ শিক্ষার্থীদের পক্ষে বক্তব্য রাখেন, ফাহিম মনময়,আরিয়ান মানিক,নয়ন হোসেন,অনিক হোসেন।

বক্তারা বলেন,ফিলিস্তিনের সাধারণ মানুষের প্রতি যে, জুলুম-নির্যাতন চলমান,তার প্রতিবাদে আজ আমরা সমবেত হয়েছি।সইসরায়েলের অবৈধ দখলদারির প্রতিবাদ জানাচ্ছি। আমরা মুক্তিকামী জনতার প্রতি সংহতি জানাচ্ছি। আমরা কোনো জঙ্গিবাদকে সমর্থন করি না। কিন্তু

বিশ্বের যে, প্রান্তে অন্যায় হবে, সেখানেই আমাদের প্রতিবাদ জারি থাকবে।

সমাবেশে বক্তারা আরো বলেন, ইসরাইল বর্বোরোচিতভাবে ফিলিস্তিনের গাজায় বোমা হামলা করে নারী-পুরুষ ও শিশুদের নির্মমভাবে গণহত্যা করছে। জাতিসংঘসহ আন্তর্জাতিক সংস্থাসমূহকে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার আহ্বান জানান বক্তারা।

মেহেরপুরে জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও তাঁর সহধর্মিণী ডা.জুবাইদা রহমান এর বিরুদ্ধে দুদকের মামলার রায় কে ফরমায়েশি দাবি করে রায়ের প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে মেহেরপুর জেলা জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম।

আজ রবিবার (৬ আগষ্ট) সকাল ১০ টার দিকে বিক্ষোভ মিছিলটি আইনজীবী ভবনের সামনে থেকে শুরু হয়ে জেলা প্রশাসকের কার্যালয় প্রদক্ষিণ করে আইনজীবী ভবনের সামনে এসে শেষ হয়। পরে সেখানে সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের সাধারণ সম্পাদক এড. মারুফ আহাম্মেদ বিজনের নেতৃত্বে এসময় এড. আনোয়ার হোসেন, এড. মোখলেছুর রহমান স্বপন, এড. কামরুজ্জামান, এড. নজরুল ইসলাম, এড. আসাদুল আজম খান খোকন, এড. সাইদুর রহমান টোকন, এড. আবদুল্লাহ আল মামুন অনল, এড. ফরিদ উদ্দিনসহ সংগঠনটির নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এসময় আইনজীবীরা বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও তাঁর সহধর্মিণী ডা. জুবাইদা রহমান এর বিরুদ্ধে দুদকের মিথ্যা মামলায় ফরমায়েশি রায় ঘোষণাসহ সারাদেশে আওয়ামী লীগের দুর্নীতি,

নির্যাতন ও মিথ্যা মামলা দায়েরের প্রতিবাদ করেন।

অ্যাডভোকেট মারুফ আহাম্মেদ বিজন বলেন, সারাদেশে ৪৫ লাখ আর ঢাকা শহরে ২০ লাখ মামলা বিচারের আশায় ঝুলে আছে। সেসব মামলা নিস্পত্তি হচ্ছেনা। মাত্র ১ মাসে ৪৭ জন স্বাক্ষীর সাক্ষ্য গ্রহণ করে তারেক রহমান ও তার স্ত্রী জুবাইদা রহমানের বিরুদ্ধে মিথ্যা মামলা দিয়ে এই ফরমায়েসি রায় দেওয়া হয়েছে।

মারুফ আহাম্মেদ আরও বলেন, ইতোমধ্যে একজন বিচারক এই মামলায় তারেক রহমানকে মামলা থেকে খালাস দেওয়ায় তার জীবনে নেমে এসেছে দূর্বিসহ যন্ত্রণা। ওই বিচারকের বিরুদ্ধে সরকারের পক্ষ থেকে একাধিক মামলা দায়ের করা হয়। অবশেষে তিনি এই দেশ থেকে পালিয়ে গিয়েছেন।

তিনি বলেন, প্রধান বিচারপতি এসকে সিনহা যতদিন আওয়ামীলীগের ফরমায়েসী রায় দিয়েছেন ততদিন আওয়ামীলীগের চোখের মনি ছিলেন। যখন সুষ্ঠ বিচার করতে শুরু করলেন তখন তাকে লাঠি মেরে তাড়ানো হয়েছে। মেয়র তাপসের কথা উল্লেখ করে তিনি বলেন, তাপস বলেছিল আমরা প্রধান বিচারপতিকে সরিয়ে দিয়েছি। এতে প্রমানিত হয় যে, এই সরকারের আমলে সরকার যেটি চাইনা তেমন রায় দেওয়ার ক্ষমতা আদালতের নেই। এই সরকার আদালতকে নানাভাবে আটকিয়ে রাখার চেষ্টা করছে। তিনি বলেন, ভাল ভাল বিচারকদের প্রমোশন না দিয়ে সাধারণ বিচারকদের প্রমোশন দিয়ে তাদের ফরমায়েসি রায় দিয়াচ্ছেন। তারেক রহমানকে মিথ্যা মামলা দিয়ে ফরমায়েশি রায়ের মাধ্যমে তারেক রহমানকে কারাগারে রাখার ষঢ়যন্ত্র করছে।

দর্শনায় ওলামা পরিষদের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

সুইডেনে রাষ্ট্রীয় পৃষ্টপোষকতায় মহাগ্রন্থ আল-কুরআন পোড়ানোর প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বাদ আছর দর্শনা রেলবাজার বটতলা চত্বরে ওলামা পরিষদ দর্শনা থানার আয়োজনে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত

হয়।

বিক্ষোভ মিছিলটি দর্শনার প্রধান, প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে দর্শনা রেলবাজার বটতলা চত্বরে উপস্থিত হয়ে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। উলামা পরিষদ দর্শনা থানা শাখার সভাপতি মাওলানা আব্দুল খালেক এর সভাপতিত্বে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

এ প্রতিবাদ সভায় উলামা পরিষদ দর্শনা থানা শাখার সহ-সম্পাদক দর্শনা ঈশ্বরচন্দ্রপুর জামে মসজিদের পেশ ঈমাম মোস্তাফিজুর রহমান ও প্রচার সম্পাদক মাও. মুফতি ওমর ফারুকের সঞ্চলনায় বক্তব্য রাখেন, ওলামা পরিষদ দর্শনা শাখার সাধারন সম্পাদক মাও. মুফতি জুনায়েদ আল আজাদ, সাংগঠনিক সম্পাদক মৌওলানা মুফতি ওমর ফারুক, দর্শনা পৌর শাখার সম্পাদক মাও. মুফতি ইউনুচ আলী, দর্শনা হল্ট স্টেশন জামে মসজিদের পেশ ঈমাম হাবিবুর রহমান, বেগমপুর ইউনিয়ন সহ-সভাপতি আব্দুল হাই, প্রমুখ।